

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।

web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctgpbs2@yahoo.com
Phone : 03026-56077

স্মারক নং-২৭.১২.১৫৭৪.৫২৯.০০১.০৩৮.২৪. ২৭৮

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

মেসার্স

বিষয়ঃ কোটেশন জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের কোটেশন আহবান প্রসঙ্গে।


চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম মুদ্রণ/ সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/ মুদ্রণকারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	<p>অভিন্ন বিদ্যুৎ বিল পেপার এর স্পেসিফিকেশনঃ</p> <p>ক) কাগজঃ বিল ফর্ম সমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করিতে হইবে। চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রান্সটারের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হইবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার প্যাঞ্চ দ্বারা তৈরী করিতে হইবে, যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। সাইজঃ ১১"X ৯.৫০" (১১"X ৮.৫০" পারফুরেশন ব্যতীত), উন্নতমানের ৭০ GSM অফসেট (সাদা) পারফেক্ট পেপারে মুদ্রিত গ্রাহক কপি ও অফিস কপির মাঝে পারফুরেশনসহ (নমুনা মোতাবেক)। খ) কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করিতে হইবে।</p> <p>গ) মুদ্রিত বিষয়ঃ প্রথম পৃষ্ঠার কিছু আইটেম শিরোনাম ও বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষণের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করিতে হইবে (মার্কার দ্বারা চিহ্নিত অংশ)। মুদ্রণের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হইতে হইবে। অন্যান্য অংশ নমুনা মোতাবেক হইবে। বিলের উভয় কপিতে উপরের বাম অংশে ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ও এরিয়া কোড উল্লেখ থাকিবে। বিল ফরমের অপর পৃষ্ঠায় গ্রাহক কপিতে পবিসের কতিপয় বিধি লাল কালিতে মুদ্রণ করিতে হইবে। ঘ) ডেলিভারী প্যাকিং প্রতি প্যাকেটে ২০০০ টি শীট থাকিতে হইবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত (Continuous Paper এর ক্ষেত্রে) ২০০০ শীটের ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হইবে।</p>	৩,০০,০০০ কপি (১৫০ বক্স)		
মোট =				

শর্তাবলীঃ

- ০১। কোটেশন সমূহ আগামী ০৭-০৩-২০২৪ইং তারিখ, রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অফিস সময়ে সরাসরি পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং চট্টগ্রাম পবিস-২ এর সদর দপ্তর, রাউজান, চট্টগ্রাম এই ঠিকানায় পৌঁছাতে হবে। ডাকযোগে / কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহন করা হবেনা।
- ০২। প্রাপ্ত কোটেশন সমূহ ঐ দিনই অর্থাৎ ০৭-০৩-২০২৪ইং তারিখ, রোজ বৃহস্পতিবার, বেলা ১২.০৫ ঘটিকায় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং চট্টগ্রাম পবিস-২ এর সদর দপ্তর, রাউজান, চট্টগ্রামে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

চলমান পাতা-২



চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২

রাউজান, চট্টগ্রাম।

web: www.pbs2.chittagong.gov.bd

e-mail: ctgpbs2@yahoo.com

Phone: 03026-56077



-২-

- ০৩। কোটেশনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, মূল্য সংযোজন কর নিবন্ধন সংক্রান্ত দলিলাদি এবং ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। উল্লিখিত মালামালের পরিমাণ কম/ বেশী হতে পারে। তবে এরূপ কম/বেশীর পরিমাণ ১৫ (পনের) শতাংশের অধিক হবে না।
- ০৫। নির্ধারিত স্পেসিফিকেশন, কর্তৃপক্ষের নির্দেশমত ও প্রদত্ত নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হবে না।
- ০৬। খামের উপর “অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের কোটেশন” কথাটি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। কার্যাদেশ প্রদানের তারিখ হতে সর্বোচ্চ ২০ (বিশ) দিনের মধ্যে নিজ খরচে ও নিজ দায়িত্বে পবিসের সদর দপ্তরে মালামাল সরবরাহ করতে হবে।
- ০৮। মালামাল সরবরাহের পর মালামালের গুণগত মান সন্তোষজনক বিবেচিত হলে চালান ও বিল দাখিল সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৯। চট্টগ্রাম পবিস-২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

29-02-2024

(মোহাম্মদ সরওয়ার জাহান)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ০৪। পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৫। নির্বাহী প্রকৌশলী (উত্তর), বাপবিবো, চট্টগ্রাম।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চট্টগ্রাম।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, যোলশহর, চট্টগ্রাম।
- ০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাউজান, রাজুনিয়া, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ১০। জনাব----- (আগামী ১০-০৩-২০২৪ ইং তারিখ দরপত্র মূল্যায়ন কাজে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।)
- ১১। এজিএম, অর্থ (হিসাব), চপবিস-২।
- ১২। এজিএম (আইটি), চট্টগ্রাম পবিস-২ (পবিসের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের জন্য)।
- ১৩। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-২।
- ১৪। অফিস নথি।

29-02-2024

(মোহাম্মদ সরওয়ার জাহান)

জেনারেল ম্যানেজার